দৈনিক ইত্তেফাক

14 OCT 1993

১৩৭

# স্নাতক পর্যায়ে ইংরেজী বিষয় বাধ্যতামূলক করার সিদ্ধান্ত

সরকার দেশে ইংরেজী শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে ১৯৯৪–৯৫ শিক্ষাবর্ষ হতে স্নাতক পর্যায়ে ইংরেজী বিষয় বাধ্যতামূলক করার সিদ্ধান্ত নিয়েছে। এ সিদ্ধান্ত বাস্তবায়িত হলে সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্নাতক (পাস ও সম্মান) পর্যায়ের পাঠক্রমে ইংরেজী একটি বাধ্যতামূলক বিষয় হিসেবে অন্তর্ভুক্ত থাকবে। যে সকল ছাত্র-ছাত্রী ১৯৯৪–৯৫ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণীতে ভর্তি হতে যাচ্ছে তাদের ক্ষেত্রে এই ব্যবস্থা প্রথম কার্যকর হবে। –তথ্যবিবরণী।